



জামায়াত ধর্মকে ধারণ করে, ব্যবহার করে না: ডা. শফিকুর রহমান



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, তাদের রাজনীতি ব্যক্তি বা দলের স্বার্থে নয়; তারা জনগণের জন্য কাজ করে। তিনি দাবি করেন, জামায়াত ধর্মকে রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করে না, বরং ধর্মীয় মূল্যবোধকে ভিত্তি করে কাজ করে।

আজ সোমবার (৮ ডিসেম্বর) ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে তিনি এসব কথা বলেন।

তিনি জানান, বৈঠকে রাজনৈতিক পরিস্থিতি, নির্বাচন প্রস্তুতি এবং গণভোট ইস্যু নিয়ে আলোচনা হয়। এই ইউ প্রতিনিধিদের প্রশ্নের জবাবে ডা. শফিকুর রহমান বলেন, একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজন করলে ভোটারদের বিভ্রান্তি ও বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। তাই দুটি নির্বাচন আলাদা রাখার পরামর্শ দিয়েছেন তারা। সরকারের ইচ্ছা থাকলে এখনো তা করা সম্ভব বলেও জানান তিনি।

ক্ষমতায় গেলে অন্তর্ভুক্তিমূলক বাংলাদেশ গড়ার প্রতিশ্রুতি দিয়ে জামায়াতের আমির বলেন, “কোনও দলকে বাদ দিয়ে আমরা রাষ্ট্র পরিচালনা করতে চাই না। আগামী পাঁচ বছরে দেশের স্থিতিশীলতা ফিরিয়ে আনা, অর্থনীতি পুনরুদ্ধার এবং আইনের শাসন প্রতিষ্ঠাই হবে আমাদের প্রধান লক্ষ্য।” তিনি আরও যোগ করেন, দুর্নীতির বিরুদ্ধে আপসহীন থাকা এবং সকলের জন্য সমান বিচার নিশ্চিত করা—এই দুই নীতিতে যারা একমত, তাদের নিয়েই সরকার গঠন করতে চান তারা।

খালেদা জিয়ার অসুস্থতা নিয়ে রাজনৈতিক অচলাবস্থা তৈরি হচ্ছে কি না—এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, সুস্থতা-অসুস্থতা সৃষ্টিকর্তার হাতে। তবে দেশের অগ্রযাত্রা কোনো ব্যক্তির অবস্থার ওপর নির্ভর করে থেমে থাকা উচিত নয়।

ডা. শফিকুর রহমান আরও বলেন, ফেব্রুয়ারির নির্বাচন সময়মতো হওয়া অত্যন্ত জরুরি। এতে সামান্য বিলম্ব হলে দেশ অনিশ্চয়তায় পড়তে পারে। তিনি দেশের স্বার্থে রাজনৈতিক দলগুলোকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।